



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmny@gmail.com
Web site: www.un.int/bangladesh

প্রেস রিলিজ

জাতিসংঘ মহাসচিব

ও

জাতিসংঘের সন্ত্রাস দমন কার্যালয়ের আন্ডার সেক্রেটারি জেনারেল এবং আজারবাইজানের স্থায়ী প্রতিনিধির সাথে পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বৈঠক

নিউইয়র্ক, ২৩ মার্চ ২০১৮:

জাতিসংঘ মহাসচিবের সাথে বৈঠক

আজ জাতিসংঘ সদরদপ্তরে জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেরের সাথে বৈঠক করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো: শাহরিয়ার আলম। বৈঠককালে তিনি রোহিঙ্গা সঙ্কট বিষয়ে জোরালো ভূমিকা রাখার জন্য মহাসচিবকে ধন্যবাদ জানান। মহাসচিবের মিয়ানমার বিষয়ক বিশেষ দূত নিয়োগের প্রক্রিয়াটি ত্বরান্বিত করার জন্য তিনি মহাসচিবকে অনুরোধ জানান। রোহিঙ্গা সঙ্কট সমাধান এবং বাস্তবায়িত রোহিঙ্গাদের স্বেচ্ছায়, নিরাপত্তা ও মর্যাদার সাথে নিজ বাসভূমিতে প্রত্যাবর্তন নিশ্চিত করতে মহাসচিবের ব্যক্তিগত ও জাতিসংঘের আরও জোরালো প্রচেষ্টা গ্রহণের অনুরোধও জানান প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। প্রতিমন্ত্রী মহাসচিবকে বাংলাদেশ সফরের পুন:আমন্ত্রণ জানান।

জাতিসংঘ মহাসচিব রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সাথে একাত্মতা পোষণ করেন এবং রোহিঙ্গাদের আশ্রয় ও মানবিক সহায়তা প্রদানের জন্য বাংলাদেশের জনগণ বিশেষ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূয়সী প্রশংসা করেন। মহাসচিব জানান বাস্তবায়িত রোহিঙ্গাদের স্বেচ্ছায়, নিরাপত্তা ও মর্যাদার সাথে নিজ বাসভূমিতে প্রত্যাবর্তন নিশ্চিত করতে জাতিসংঘ দৃঢ় প্রতিজ্ঞ। এর সমাধানে তিনি নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাবেন মর্মে প্রতিমন্ত্রীকে আশ্বাস দেন। দ্রুততার সাথে বিশেষ দূত নিয়োগের প্রক্রিয়া চলছে বলেও প্রতিমন্ত্রীকে জানান মহাসচিব। তিনি বাংলাদেশের অসামান্য আর্থ-সামাজিক উন্নয়নেরও প্রশংসা করেন।

আন্তর্জাতিক পানি দশকের উদ্বোধন অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য জাতিসংঘ মহাসচিব পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমকে ধন্যবাদ জানান এবং এ বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নানামুখী পদক্ষেপের প্রশংসা করেন।

জাতিসংঘের সন্ত্রাস দমন কার্যালয়ের আন্ডার সেক্রেটারি জেনারেল এর সাথে বৈঠক

জাতিসংঘের সন্ত্রাস দমন কার্যালয়ের আন্ডার সেক্রেটারি জেনারেল ভ্লাদিমির ভরনকভের সাথেও বৈঠক করেন প্রতিমন্ত্রী মো: শাহরিয়ার আলম। বৈঠককালে জাতিসংঘের সন্ত্রাস দমন সংস্থা বাংলাদেশকে জোরালো যে সহযোগিতা দিয়ে যাচ্ছে, সেজন্য আন্ডার সেক্রেটারি জেনারেল ভ্লাদিমির ভরনকভ -কে ধন্যবাদ জানান প্রতিমন্ত্রী। প্রধানমন্ত্রী শেখ হাসিনার 'জিরো টলারেন্স নীতি' অনুযায়ী বাংলাদেশ সরকার সন্ত্রাস প্রতিরোধে নিরলসভাবে কাজ করে যাচ্ছে মর্মেও জানান প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম।

আন্ডার সেক্রেটারি জেনারেল ভ্লাদিমির ভরনকভ বাংলাদেশ এবং জাতিসংঘের সন্ত্রাস দমন বিভাগের সহযোগিতাকে 'উদাহরণ সৃষ্টিকারী' বলে উল্লেখ করেন। তিনি সন্ত্রাস দমন বিষয়ে বাংলাদেশ সরকারের গৃহীত উদ্যোগের প্রশংসা করেন এবং এ বিষয়ে বাংলাদেশকে সব ধরনের সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

আজারবাইজানের স্থায়ী প্রতিনিধির সাথে বৈঠক

এছাড়া, প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম জাতিসংঘে নিযুক্ত আজারবাইজানের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত ইয়াসার টি. আলিয়েভ এর সাথে দ্বি-পাক্ষিক ও বহু-পাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে বৈঠক করেন।
